গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
প্রশাসন শাখা
নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

স্মারক নম্বর: ৪৬.১৬.০০০০.০০৪.২২.০৪৫.২১.২২৭ তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮
০৬ জুন ২০২১

বিষয়: .নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন করবস্থান/শ্মশান সংরক্ষণ এবং এর অভ্যন্তরস্থ মসজিদ/মন্দির পরিচালনা সংক্রান্ত খসড়া প্রবিধানমালা -২০২১ অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: ১। এনসিসি স্মারক নং-৪৬.১৬.০০০০. ০০৪.০২২.৭০.১৬/৫৩, তারিখ: ৩০/০১/২০১৯ খ্রি:
২। এনসিসি স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০২২.৭০.১৬/৮২৬(৪), তারিখ: ০৩/১১/ ২০১৯ খ্রি:
৩। স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন-২-শাখা) এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭১.২২.০১৬.২০১৯-১৫৬ ; তারিখ: ৩০/০১/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার ( সিটিকর্পোরেশন ) আইন - ২০০৯ এর ১২১(২) ধারা অনুযায়ী বণিত এবং বর্ণিত আইনের সপ্তম তফসিলের (১৪) নং ক্রমিক মূলে প্রণীত " নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থান / শ্মশান সংরক্ষণ এবং এর অভ্যন্তরস্থ মসজিদ/মন্দির পরিচালনা সংক্রান্ত প্রবিধানমালা-২০১৮" নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০.১২. ২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত ১৩তম মাসিক সাধারণ সভায় ( ০৫ নং আলোচ্যসূচি'র সিদ্ধান্ত অনুযায়ী ) প্রাথমিকভাবে অনুমোদন করা হয় এবং সূত্রস্থ স্মারকদ্বয়ের মাধ্যমে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং সূত্রস্থ (৩) নং স্মারকে স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও সুপারিশের আলোকে প্রয়োজনীয় সংযোজন ও সংশোধনপূর্বক তা "নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থান / শ্মশান সংরক্ষণ এবং এর অভ্যন্তরস্থ মসজিদ/মন্দির পরিচালনা সংক্রান্ত প্রবিধানমালা-২০২১" প্রণয়ন করা হয়েছে।

এমতাবস্থায়, " নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থান/শ্মশান সংরক্ষণ এবং এর অভ্যন্তরস্থ মসজিদ/মন্দির পরিচালনা সংক্রান্ত প্রবিধানমালা-২০২১"সংশোধনীপূর্বক চূড়ান্ত অনুমোদনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :**
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন করবস্থান/শ্মশান সংরক্ষণ এবং এর অভ্যন্তরস্থ মসজিদ/মন্দির পরিচালনা সংক্রান্ত খসড়া প্রবিধানমালা -২০২১।

৬-৬-২০২১
মোঃ আবুল আমিন
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন: +৮৮০২৭৬৩৩৪২৩
ইমেইল: ceo@ncc.gov.bd

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ



CamScanner

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, সিটি কর্পোরেশন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.১৬.০০০০.০০৪.২২.০৪৫.২১.২২৭/১(৭) তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৬ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

২) যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) উপ সচিব, স্থানীয় সরকার বিভাগ , (সিটি কর্পোরেশন - ১ শাখা) , ঢাকা।

৪) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

৫) মেডিকেল অফিসার, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ , নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

৬) পি এ টু মেয়র, (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য ), এনসিসি।

৭) অফিস কপি, গার্ড নথি, এনসিসি ।

৬-৬-২০২১
মোঃ আবুল আমিন
প্রধান নির্বাহী কর্মকর্তা



CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থান/শ্মশান/সমাধি সংরক্ষণ ও পরিচালনা সংক্রান্ত প্রবিধানমালা, ২০২১

[স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ,২০০৯ এর ১২১ (২) ধারা অনুযায়ী সপ্তম তফসিলের (১৪) নং ক্রমিকমূলে প্রণীত]

CamScanner

# ১ম অধ্যায়

## (প্রারম্ভিক)

১। শিরোনাম ও প্রয়োগঃ-

(ক) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থান/শ্মশান সংরক্ষণ ও পরিচালনা সংক্রান্ত প্রবিধানমালা, ২০২১।

(খ) এই প্রবিধানমালা সাবেক নারায়ণগঞ্জ,কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ পৌরসভা বর্তমানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন ও ভবিষ্যতে সংশ্লিষ্ট আইন মোতাবেক নতুন অন্তর্ভূক্ত সকল কবরস্থান,শ্মশান,সমাধি এবং অভ্যন্তরস্থ অন্যান্য স্থাপনার জন্য প্রযোজ্য হইবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞাঃ- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়

(ক)" সংশ্লিষ্ট আইন" বলতে স্থানীয় সরকার সিটি কর্পোরেশন আইন ২০০৯;

(খ) "কবরস্থান" বলতে আপাততঃ এই প্রবিধানের তৃতীয় তফসিলে উল্লিখিত কবরস্থান সমূহ ও ভবিষ্যতে ঘোষণা করা হইবে এমন কবরস্থানসমূহ এবং অভ্যন্তরস্থ অন্যান্য স্থাপনা যেখানে মৃত ব্যক্তি বিশেষ করে মুসলমানদের দাফন করা হয়;

(গ) "**শ্মশান**" বলতে আপাততঃ এই প্রবিধানের তৃতীয় তফসিলে উল্লিখিত **শ্মশান**সমূহ ও ভবিষ্যতে ঘোষণা করা হইবে এমন **শ্মশান** এবং অভ্যন্তরস্থ অন্যান্য স্থাপনা যেখানে মৃত ব্যক্তি বিশেষ করে হিন্দু, জৈন, শিখ এবং বৌদ্ধ ধর্মাবলম্বীদের সৎকার/সমাহিত করা হয়;

(ঘ)"সমাধি" বলতে ভবিষ্যতে ঘোষনা করা হইবে এমন সমাধি এবং অভ্যন্তরস্থ অন্যান্য স্থাপনা যেখানে মৃত ব্যক্তি বিশেষ করে খ্রিষ্টার্ন ও অন্যান্য ধর্মাবলম্বীদের দাফন করা হয়;

(ঙ) "মেয়র"বলতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২য় ধারার ৪৭ নং উপধারায় সংজ্ঞায়িত সিটি কর্পোরেশনের মেয়র;

(চ) "অভ্যন্তরস্থ স্থাপনা " বলতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন সকল কবরস্থান ও শ্মশানের অভ্যন্তরস্থ মসজিদ, মন্দির মাওলানা কাম রেজিস্ট্রার ও পুরোহিত কাম রেজিস্ট্রারের অফিস এবং কবরস্থান/ শ্মশানে কর্মরতদের বিশ্রামাগার ;

(ছ)"উপযুক্ত চিকিৎসক" অর্থ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত এম.বি.বি.এস বা তদূর্ধ্ব ডিগ্রীধারী কোন চিকিৎসক ;

(জ) "চিকিৎসা প্রতিষ্ঠান" অর্থ সরকারি বা বেসরকারি কোন হাসপাতাল, ক্লিনিক, স্বাস্থ্য কমপ্লেক্স, স্বাস্থ্যকেন্দ্র, মাতৃসদন ও কমিউনিটি ক্লিনিক;

(ঝ) "জাতীয় পরিচয় পত্র" অর্থ জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর অধীন প্রদত্ত জাতীয় পরিচয় পত্র;

(ঞ) "পরিচয়হীন ব্যক্তি" অর্থ এইরুপ ব্যক্তি যাহার পিতা বা মাতা বা উভয়ের নাম ও পরিচয় বা অভিভাবক বা আত্মীয়-স্বজন অজ্ঞাত;



CamScanner

(ট) "সনদ" অর্থ এই প্রবিধানমালার অধীন মৃত্যু সনদ বা উহার প্রত্যায়িত অনুলিপি।

(ঠ) " সনদ প্রস্তুতকারী " অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনের ধারা ৪ এ বর্ণিত নিবন্ধক কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কোনব্যক্তি যিনি জন্ম বা মৃত্যু নিবন্ধন আবেদনে বর্ণিত তথ্যের ভিত্তিতে জন্ম বা মৃত্যু সনদ প্রস্তুত করেন।

(ড) " সনদ যাচাইকারী" অর্থ উক্ত আইনের ধারা ৪ এ বর্ণিত নিবন্ধক কর্তৃক দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যিনি জন্ম বা মৃত্যুনিবন্ধন আবেদনে উল্লিখিত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত জন্ম বা মৃত্যু সনদের সঠিকতা যাচাই করেন;

(ঢ) " স্থানীয় পরিদর্শক" অর্থ জন্ম ও মৃত্যু তথ্য যাচাইয়ের জন্য সিটি কর্পোরেশন কর্তৃক নিয়োগকৃত পরিদর্শক;

(ণ) "আইন " অর্থ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন);

(ত) "মাওলানা কাম রেজিস্ট্রার" সিটি কর্পোরেশন কর্তৃক দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যিনি মৃত ব্যক্তির দাফন সম্পন্ন করার সাথে সাথে নিবন্ধন করা সহ কবরস্থানের যাবতীয় কার্যাবলী তদারকি করিবেন;

(থ) "পুরোহিত কাম রেজিস্ট্রার" সিটি কর্পোরেশন কর্তৃক দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যিনি মৃত ব্যক্তির দাহ সম্পন্ন করার সাথে সাথে নিবন্ধন করা সহ শ্মশানের যাবতীয় কার্যাবলী তদারকি করিবেন;

(দ) "প্রহরী" সিটি কর্পোরেশন কর্তৃক দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যিনি কবরস্থান/শ্মশানের সার্বিক নিরাপত্তাসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন করিবেন;

(ধ) "পরিচ্ছন্ন কর্মী" সিটি কর্পোরেশন কর্তৃক দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যিনি কবরস্থান/শ্মশানের সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতার দায়িত্বে নিয়োজিত থাকিবেন;

(ন) "ডোম" সিটি কর্পোরেশন কর্তৃক দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি যিনি শ্মশানে মৃতদেহ সৎকারে সহযোগিতা করিবেন।

# প্রথম অধ্যায়

## (২য় অংশ)

### <u>দাফন / দাহ'র প্রত্যয়ন ইত্যাদি)</u>

৩। কবরস্থান/শ্মশানে মৃত ব্যক্তির মৃত্যুর কারণ লিপিবদ্ধ করার ক্ষেত্রে স্বাভাবিক মৃত্যু ব্যতিত অন্যান্য মৃত্যুর ক্ষেত্রে উপযুক্ত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক মৃত্যুর কারণ উল্লেখ পূর্বক মৃত্যুর সনদ বা প্রত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

৪। বেওয়ারিশ লাশ দাফন/দাহ'র ক্ষেত্রে পুলিশ কর্তৃক সুরতহাল রিপোর্টের অনুলিপি, থানার জিডি'র কপির অনুলিপি ও প্রযোজ্য ক্ষেত্রে পোস্টমর্টেম রিপোর্টের অনুলিপি সম্বলিত আবেদন দাখিল করিতে হইবে।

৫। প্রতিটি কবরস্থান/শ্মশানে সিডিউল-১ মোতাবেক নির্ধারিত ছকে প্রতিটি মৃত বক্তির দাফন/দাহ'র তথ্য রেজিস্ট্রারে সংরক্ষিত থাকবে এবং সংরক্ষিত তথ্যের ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদ বা দাফন/দাহ'র প্রত্যয়ন প্রদান করা হইবে। কবরস্থান/শ্মশানের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী মৃত্যু ব্যক্তির তথ্যাদি সংশ্লিষ্ট রেজিস্ট্রার বহিতে সংরক্ষণ করিবেন এবং সপ্তাহ শেষে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগে অবহিত করিবেন।



CamScanner

# দ্বিতীয় অধ্যায়

## কবরস্থান/শ্মশান পরিচালনা, কবর/সমাধি সংরক্ষণ ও ফি নির্ধারণ

৬। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার অভ্যন্তরস্থ কবরস্থান/শ্মশানসমূহ সিডিউল-২ মোতাবেক নির্ধারিত ছকে আবেদন করতঃ নিবন্ধনের মাধ্যমে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাভূক্ত হইবে।

৭। মৃত ব্যক্তির যাবতীয় তথ্যাবলী সংরক্ষণের রেজিস্ট্রার বহিঃ খরচ বাবদ সাধারণ ও সংরক্ষিত কবর/সমাধির ক্ষেত্রে নিন্মোক্ত হারে ফি নির্ধারিত হইবে।

(ক) বড় কবর/সমাধি (৭-০˝×৪-০˝×৪-০) জন্য ৫০০ (পাচঁশত) টাকা
(খ) মধ্যম কবর/সমাধি (৫-০˝×৩-০˝× ৩-০˝) জন্য ৩০০ (তিনশত) টাকা
(গ) ছোট কবর/সমাধি (৩-৬˝× ২-০˝×৩-০˝) জন্য ২০০ (দুইশত) টাকা

৮। বেওয়ারিশ লাশ দাফন/সৎকারের ক্ষেত্রে কোন ফি প্রযোজ্য হইবেনা।

৯। সকল কবরস্থান/শ্মশানে সকাল ৬ ঘটিকা হতে রাত ১১ ঘটিকা পর্যন্ত লাশ দাফন/দাহ/সমাদিস্থ করা যাইবে।

১০। দুইটি কবর/সমাধির মাঝখানে ন্যূনতম ১-০˝ জায়গা খালি থাকিবে।

১১। সাবেক নারায়ণগঞ্জ পৌরসভার সিদ্ধান্তের ধারাবাহিকতায় সিটি কর্পোরেশনের নারায়ণগঞ্জ,সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল অঞ্চলের বীর মুক্তিযোদ্ধাদের কবরের জন্য ৫ শতাংশ এবং শ্মশানের জন্য ৩ শতাংশ জায়গা সংরক্ষিত থাকিবে।

১২। কোন কবরস্থান/সমাধি চিরস্থায়ীভাবে সংরক্ষণ করা যাইবে না। তবে সংরক্ষিত এলাকায় জায়গা খালি থাকা স্বাপেক্ষে সিটি কর্পোরেশনের অনুমোদনক্রমে নির্ধারিত কবর/সমাধি সংরক্ষণ ফি পরিশোধপূর্বক নির্ধারিত সময়ের জন্য কবর/সমাধি সংরক্ষণ করা যাইবে।

১৩। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মালিকানাধীন কবরস্থানসমূহের সংরক্ষণকাল ও সংরক্ষণ ফি সিডিউল-৩ মোতাবেক কার্যকর হইবে। উল্লেখ্য, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন অপরাপর কবরস্থান সমূহের সংরক্ষণকাল ও সংরক্ষণ ফি সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হারে আরোপ যোগ্য হইবে।

১৪। একই পরিবারের অনুকূলে দুইটির অধিক কবর/শ্মশান/সমাধি সংরক্ষণের অনুমতি দেওয়া যাইবে না।

১৫। সংরক্ষিত কবর/সমাধির পাকা করার দৈর্ঘ্য ৭-০˝ প্রস্থ ৪- ০˝ এবং ছাদ বিহীন ৩-০˝ এর বেশী হইবে না। সংরক্ষিত কবর/সমাধির ক্ষেত্রে সংরক্ষণ পদ্ধতি সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হইবে।

১৬। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন সকল কবরস্থান/শ্মশানে,কবর/সমাধির জায়গা অগ্রীম সংরক্ষণ বন্ধ থাকিবে।

১৭। শ্মশানে শিশু (৫ বৎসর পর্যন্ত) ও যে সকল গোত্রের মৃত দেহ দাহ করা হয় না তাদের সৎকারের জন্য ১/৫ অংশ জায়গা সংরক্ষিত থাকবে।

১৮। সংরক্ষিত কবর/সমাধি দান, বিক্রয় এবং অন্য কোন ভাবে হস্তান্তর করা যাইবে না। সংরক্ষণের মেয়াদান্তে সংরক্ষিত কবর/সমাধিতে সংরক্ষণকারীর অধিকার বিলুপ্ত হইবে এবং সিটি কর্পোরেশন কবর/সমাধি অপসারণ পূর্বক সংশ্লিষ্ট কবরস্থান/শ্মশানের অন্তর্ভুক্ত করিবে।



CamScanner

১৯। কবর/শ্মশানের স্থান বরাদ্দের ক্ষেত্রে সিডিউল ০৩ মোতাবেক আবেদন করিতে হইবে এবং সিডিউল ৪ এ বর্ণিত ফি প্রদান করিতে হইবে।

২০। কবর/শ্মশান/সমাধি এবং জায়গা বরাদ্দ পাওয়া সাপেক্ষে বরাদ্দকৃত কবর/শ্মশান/সমাধি এর জায়গা সংরক্ষনের ক্ষেত্রে আবেদন পত্রে উল্লিখিত শর্তাবলীপ্রযোজ্য হইবে।

২১। কবর/শ্মশান/সমাধি এর জায়গা রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে আবেদন পত্রের শর্তাবলী ভঙ্গ করিলে বরাদ্দ বাতিল করা যাইবে।

২২। কবরস্থান ও শ্মশান এলাকা দ্বিতীয় অধ্যায়ের ২৩ নং দফার বর্ণিত কমিটি কর্তৃক নির্ধারিত চূড়ান্ত কর্মপরিধি মোতাবেক রক্ষণা বেক্ষণ ও পরিচালিত হইবে।

২৩। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন সকল কবরস্থান এবং শ্মশানসমূহ উন্নয়ন ও ব্যবস্থাপনা নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে পরিচালিত হইবে:

- মাননীয় মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা/মেয়র কর্তৃক মনোনীত প্রতিনিধি -আহবায়ক
- সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর - সদস্য
- মেয়র কর্তৃক মনোনীত কর্মকর্তা (২জন) - সদস্য
- মেয়র কর্তৃক মনোনীত স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (৩জন) - সদস্য
- কবরস্থানে নিয়োজিত মাওলানা কাম রেজিস্ট্রার (সকল) - সদস্য
- শ্মশানে নিয়োজিত পুরোহিত কাম রেজিস্ট্রার (সকল) - সদস্য
- প্রধান সমাজ কল্যান কর্মকর্তা - সদস্য সচিব

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন গঠিত কমিটির কর্ম-পরিধি চূড়ান্ত করিবে। উল্লিখিত কমিটিতে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করা যাইবে। উক্ত কমিটি প্রয়োজনে উপ-কমিটি গঠন করে কার্যক্রম বাস্তবায়ন করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়
## (বিবিধ)

২৪। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন সকল কবরস্থান/শ্মশান/সমাধি ও অভ্যন্তরস্থ মসজিদ/মন্দিরের জন্য প্রয়োজনীয় জনবল (মাওলানা কাম রেজিষ্ট্রার, পুরোহিত কাম রেজিষ্ট্রার, ঈমাম কাম খতিব, সানি ঈমাম, মুয়াজ্জিন, খাদেম, প্রহরী, পরিচ্ছন্ন কর্মী, ডোম ইত্যাদি) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক নিয়োগ প্রাপ্ত হইবে।

২৫। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন সকল কবরস্থান/শ্মশান/সমাধি ও অভ্যন্তরস্থ মসজিদ/মন্দির সংরক্ষণসহ এর সকল আয়-ব্যয় ও উন্নয়ন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উপর বর্তাইবে।

২৬। এই প্রবিধানমালা প্রণয়নের পর যে সকল কবরস্থান/শ্মশান/সমাধি নিবন্ধনের মাধ্যমে সিটি কর্পোরেশনের আওতাভূক্ত হইবে সে সকল কবরস্থান/শ্মশান/সমাধি এই প্রবিধান দ্বারা পরিচালিত হইবে।

২৭। ব্যক্তি বা সামাজিকভাবে পরিচালিত ওয়াকফকৃত কোন কবরস্থান/শ্মশান/সমাধি সিটি কর্পোরেশরে নিকট হস্তান্তর করিলে তা-ও এ প্রবিধান দ্বারা পরিচালিত হইবে।

২৮। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই প্রবিধানমালার প্রয়োজনীয় সংশোধন/সংযোজন ও বিয়োজন করা যাইবে।

# ৩য় অংশ

## (সিডিউলসমূহ)

### সিডিউল-১

( কবরস্থান/শ্মশানে মৃত ব্যক্তি নিবন্ধনের নির্ধারিত ছক )

| নিবন্ধনের তারিখ | মৃত্যু নিবন্ধন নং | মৃত ব্যক্তির নাম | জন্ম তারিখ (দিন/মাস /বছর) | জন্ম নিবন্ধন নং | মৃত্যুর তারিখ (সংখ্যায় ও কথায়) (দিন/মাস/বছর) | মৃত্যুর স্থান | মৃত্যুর কারণ (তথ্য প্রদান কারীর বর্ণনা মতে) | মৃত ব্যক্তির পিতা ও মাতার নাম | মৃত ব্যক্তির স্বামী/স্ত্রীর নাম | স্থায়ী ঠিকানা | লিপিবদ্ধকারীর অনুস্বাক্ষর / নিবন্ধকের অনুস্বাক্ষর | সনদ গ্রহণকারীর নাম ও স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৪) | (১৫) |
| | | | | | | | | | | | | | |



CamScanner

# সিডিউল-২

## (কবরস্থান/শ্মশান নিবন্ধনের আবেদন ফরম)

১। কবরস্থান/শ্মশান/সমাধির নাম ও ঠিকানা ঃ

২। কবরস্থান/শ্মশান/সমাধি প্রতিষ্ঠার তারিখ ঃ

৩। কবরস্থান/শ্মশান/সমাদির মোট জমির পরিমাণ (স্কেচম্যাপসহ) ঃ

৪। মোট কবর/সমাধির সংখ্যা ঃ স্থায়ী (সংরক্ষিত) .. .. .. .. .. .. .. .. .. .. অস্থায়ী .. .. .. .. .. .. .. .. .. .. .. ..

৫। কবরস্থান/শ্মশান/সমাধির কর্মরতদের তালিকা ঃ

৬। কবরস্থান/শ্মশান/সমাধি জমির মালিকানা সংক্রান্ত তথ্য ঃ

৭। কবরস্থান/শ্মশান/সমাধির পরিচালনা কমিটির তথ্য ঃ

এই মর্মে ঘোষণা করিতেছি যে, উল্লিখিত বিবরণ স্বজ্ঞানে, সুস্থ্যশরীরে, বিনা প্ররোচনায় পূরণকৃত আবেদনপত্রে স্বাক্ষর করিলাম ।

আবেদনকারীর নাম, স্বাক্ষর ও তারিখ
(মোবাইল নম্বরসহ)

সংযুক্তি :-

১। আবেদনকারীর ছবিসহ জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন/পাসপোর্টের ফটোকপি ।
২। কবরস্থান/শ্মশান/সমাধির জমির মালিকানার স্বপক্ষে যাবতীয় প্রমানপত্র।
৩। পরিচালনা কমিটির পূর্ণাঙ্গ তালিকা (সভাপতি ও সেক্রেটারী কর্তৃক স্বাক্ষরিত)।
৪। স্থানীয় কাউন্সিলরের প্রত্যয়নপত্র।
৫। কবরস্থান/শ্মশান/সমাধির কর্মচারীগণের নামের তালিকা।
৬। অঙ্গীকারনামা (নন জুডিশিয়াল স্ট্যাম্পে)।
৭। বিবিধ।



CamScanner

## সিডিউল-৩

ব্যক্তিগত কবর/শ্মশান/সমাধির জায়গা বরাদ্দ প্রাপ্তির আবেদন ফরম-

১। আবেদনকারীর নাম -

২। আবেদনকারীর - (ক) পিতার নাম-

(খ) মাতার নাম-

৩। আবেদনকারীর ঠিকানা ও মোবাইল নম্বর-

৪। মৃত্যু ব্যক্তির নাম-

৫। মৃত্যু ব্যক্তির- (ক) পিতার নাম-

(খ) মাতার নাম-

৬। মৃত্যু ব্যক্তির ঠিকানা-

৭। মৃত্যু ব্যক্তির জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্মনিবন্ধন নম্বর-

৮। মৃত্যু ব্যক্তির সাথে আবেদনকারীর সম্পর্ক-

৯। কবর/সমাধির আয়তন-

১০। মেয়াদ কাল-

১১। মৃত্যু ব্যক্তির পরিবারের অন্য কোন ব্যক্তির জন্য ইতো পূর্বে কবর/সমাধি এর জায়গা বরাদ্দ করা হইয়া থাকিলে উহার বিবরণ-

১২। শর্তবলী :-(১) আবেদন পত্র অনুমোদন সাপেক্ষে ধার্য্যকৃত ফি ব্যাংকড্রাফ/পে-অডারের মাধ্যমে পরিশোধ করিতে হইবে। (২) নির্ধারিত মেয়াদান্তে বরাদ্দকৃত কবর/শ্মশান/সমাধির জায়গা প্রয়োজন মত সিটি কর্পোরেশন ব্যবহার করিতে পারিবে।(৩) জনস্বার্থে মেয়াদ পূর্বে সিটি কর্পোরেশন বরাদ্দকৃত কবর/শ্মশান/সমাধির জায়গা বরাদ্দ বাতিল করিতে পারিবে। (৪) বরাদ্দকৃত কবর/শ্মশান/সমাধি জায়গা স্থায়ী আকার আকৃতিতে কবর/শ্মশান/সমাধি বাঁধাই বা নির্মান কাজ করা যাইবে না। (৫) বরাদ্দকৃত কবর শ্মশানের জায়গা নিজ উদ্দোগে রক্ষণা বেক্ষণ ও পরিষ্কার পরিচ্ছন্ন করিতে হইবে। (৬) সংরক্ষিত কবর/সমাধি পাকা করার দৈর্ঘ ৭-০" প্রস্থ ৪-০" এর ছাদ বিহীন উচ্চতা ৩-০" এর বেশী হইবে না। (৭) পাশ্ববর্তী কোন কবর/শ্মশান/সমাধির ক্ষতি সাধন হয় এই রূপ কোন কাজ করা যাইবে না।

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী ও সংযুক্ত কাগজ পত্র সঠিক আছে এবং উল্লিখিত শর্তবলী ভঙ্গ করিলে সিটি কর্পোরেশনের আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করিলে কোন আপত্তি থাকিবে না।

**সংযুক্ত কাগজ পত্র:**

ক) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন /পাসপোর্টের ফটোকপি।

খ) মৃত ব্যক্তির জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট ও মৃত্যু সংক্রান্ত প্রমানক এর ফটোকপি।

গ) বিবিধ

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ
মোবাইল নম্বর



CamScanner

# সিডিউল-৪

( কবর / সমাধি সংরক্ষণকাল ও সংরক্ষণ ফি )

## নারায়ণগঞ্জ অঞ্চল

| ক্রমিক নং | কবরস্থানের নাম | ওয়ার্ড | কবর সংরক্ষণের সময়কাল (সর্বোচ্চ) | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ১। | মাসদাইর কবরস্থান | ১২ | ২০ বছর | ২৫,০০০০০/- |
| ২। | পাইকপাড়া বড় কবরস্থান | ১৭ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৩। | পাইকপাড়া ছোট কবরস্থান | ১৭ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৪। | পাঠানটুলী কবরস্থান | ১১ | ২০ বছর | ২০,০০০০০/- |

| ক্রমিক নং | শ্মশানের নাম | ওয়ার্ড | সমাধি সংরক্ষণের সময়কাল | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ১। | মাসদাইর শ্মশানঘাট | ১২ | ২০ বছর | ২০,০০০০০/- |

## কদমরসুল অঞ্চল

| ক্রমিক নং | কবরস্থানের নাম | ওয়ার্ড | কবর সংরক্ষণের সময়কাল (সর্বোচ্চ) | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ১। | মদনগঞ্জ সিটি কবরস্থান | ১৯ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ২। | সোনকান্দা কবরস্থান | ২০ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৩। | বন্দর কেন্দ্রীয় কবরস্থান | ২২ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৪। | কাইতাখালী কবরস্থান | ২৪ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৫। | দেউলি চৌরাপাড়া কবরস্থান | ২৫ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৬। | উত্তর লক্ষনখোলা কবরস্থান | ২৫ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৭। | বাগে জান্নাত নবীগঞ্জ কবরস্থান | ২৩ | ২০ বছর | ২৫,০০০০০/- |
| ৮। | কুড়িপাড়া কাদেরীয়া কবরস্থান | ২৭ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৯। | হাফেজীবাগ কবরস্থান, বন্দর | ২১ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ১০। | সোনাচড়া কবরস্থান, সোনাচড় | ২৬ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ১১। | হরিপুর কবরস্থান, হরিপুর | ২৭ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ১২। | মুরাদপুর কবরস্থান, | ২৭ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ১৩। | মাহামুদ নগর কবরস্থান | ২০ | ২০ বছর | ২০,০০০০০/- |



CS CamScanner

| ক্রমিক নং | শ্মশানের নাম | ওয়ার্ড | সমাধি সংরক্ষণের সময়কাল | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ১। | বন্দর শ্মশানঘাট | ২৩ | ২০ বছর | ১৫,০০০০০/- |
| ২। | ১নং ঢাকেশ্বরী শ্মশানঘাট, ঢাকেশ্বরী মিল্‌স | ২৬ | ২০ বছর | ১৫,০০০০০/- |

## সিদ্ধিরগঞ্জ অঞ্চল

| ক্রমিক নং | কবরস্থানের নাম | ওয়ার্ড | কবর সংরক্ষণের সময়কাল (সর্বোচ্চ) | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ১। | মিজিমিজি পশ্চিমপাড়া হাজী আব্দুস সামাদ মাদ্রাসা সংলগ্ন কবরস্থান | ০২ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ২। | সৈয়দপাড়া ছয় সমাজ বিশিষ্ট কবরস্থান | ০৮ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৩। | জালকুড়ি কেন্দ্রীয় কবরস্থান | ০৯ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৪। | পাইনাদী ধনু হাজীর কবরস্থান | ০১ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৫। | মিজিমিজি দক্ষিনপাড়া কবরস্থান | ০২ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৬। | সিদ্ধিরগঞ্জ পশ্চিমপাড়া কবরস্থান | ০৫ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৭। | গোদনাইল বার্মষ্ট্যান্ড কবরস্থান | ০৬ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৮। | আদমজীনগর কবরস্থান কমপ্লেক্স | ০৭ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ৯। | এনায়েতনগর তালতলা কবরস্থান | ০৮ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ১০। | জালকুড়ি দেওয়ানবাড়ী পারিবারিক কবরস্থান | ০৯ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ১১। | চেয়ারম্যান বাড়ী পারিবারিক কবরস্থান, আজিবপুর | ০৫ | ২০ বছর | ২০,০০০০০/- |
| ১২। | পাইনাদী মিজমিজি মাদ্রাসা ও কবরস্থান কমপ্লেক্স | ০১ | ২০ বছর | ২০,০০০০০/- |

| ক্রমিক নং | শ্মশানের নাম | ওয়ার্ড | সমাধি সংরক্ষণের সময়কাল (সর্বোচ্চ) | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ১। | সিদ্ধিরগঞ্জ শ্মশানঘাট | ০৫ | ২০ বছর | ১৫,০০০০০/- |



CamScanner

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ

## চুক্তিভিত্তিক কর্মচারী

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | শান্তি রঞ্জন ঘোষাল | পুরোহিত (মাসদাইর শশ্মান) |
| ২ | শ্রী কার্তিক পাল | কেয়ারটেকার (মাসদাইর শশ্মান) |
| ৩ | গোলাম মোস্তফা | কেয়ারটেকার (পাইকপাড়া ছোট কবরস্থান) |
| ৪ | মনি বেগম | লাশ ধৌতকারিনী (মাসদাইর কবরস্থান) |
| ৫ | মোহাম্মদ আব্দুর রহমান | কেয়ারটেকার (পাইকপাড়া বড় কবরস্থান) |
| ৬ | মোঃ সাইদুর রহমান দেওয়ান | কেয়ারটেকার (পাইকপাড়া বড় কবরস্থান) |
| ৭ | শংকর চন্দ্র সরকার | কেয়ারটেকার (সিদ্ধিরগঞ্জ শশ্মান) |
| ৮ | মোঃ ইমতিয়াজ আহমেদ নেয়ামত | কেয়ারটেকার (পাঠানটুলী কবরস্থান) |
| ৯ | মোঃ মাসুম | কেয়ারটেকার (পাঠানটুলী কবরস্থান) |
| ১০ | আব্দুল মান্নান খান | কেয়ারটেকার (আদমজী কবরস্থান) |
| ১১ | মফিজুল ইসলাম | কেয়ারটেকার (মদনগঞ্জ কবরস্থান) |
| ১২ | শাহাদাৎ হোসেন | কেয়ারটেকার (মদনগঞ্জ কবরস্থান) |

CamScanner

| | | |
|---|---|---|
| ৩ | মোঃ নিজামউদ্দিন | কেয়ারটেকার<br>(সোনাকান্দা কবরস্থান) |
| ১৪ | হাফেজ কবির হোসেন | কেয়ারটেকার<br>(বন্দর কবরস্থান) |
| ১৫ | কাশিনাথ | পুরোহিত<br>(বন্দর শ্মশান) |
| ১৬ | মোঃ রবিউল আউয়াল | কেয়ারটেকার<br>(নবীগঞ্জ কবরস্থান) |
| ১৭ | হাফেজ ইয়াছিন | কেয়ারটেকার<br>(কাইতাখালী কবরস্থান) |
| ১৮ | আলতাব হোসেন | কেয়ারটেকার<br>(চৌরাপাড়া কবরস্থান) |
| ১৯ | আঃ কাদের | কেয়ারটেকার<br>(দক্ষিন লক্ষনখোলা কবরস্থান) |
| ২০ | হাফেজ মঞ্জুরুল ইসলাম | কেয়ারটেকার<br>(উত্তর লক্ষনখোলা কবরস্থান) |
| ২১ | হাফেজ মোঃ আব্দুর রব | কেয়ারটেকার<br>(হাফেজীবাগ কবরস্থান) |
| ২২ | মোহাম্মদ সুরুজ মিয়া | কেয়ারটেকার<br>(সোনাচড়া কবরস্থান) |
| ২৩ | আনোয়ার হোসেন | কেয়ারটেকার<br>(মাহমুদনগর কবরস্থান) |
| ২৪ | মোঃ মিজানুর রহমান | কেয়ারটেকার<br>(গোদনাইল বামষ্ট্যান্ড মন্ডলপাড়া কবরস্থান) |

CamScanner

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ

## চুক্তিভিত্তিক কর্মচারী

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | শান্তি রঞ্জন ঘোষাল | পুরোহিত (মাসদাইর শশ্মান) |
| ২ | শ্রী কার্তিক পাল | কেয়ারটেকার (মাসদাইর শশ্মান) |
| ৩ | গোলাম মোস্তফা | কেয়ারটেকার (পাইকপাড়া ছোট কবরস্থান) |
| ৪ | মনি বেগম | লাশ ধৌতকারিনী (মাসদাইর কবরস্থান) |
| ৫ | মোহাম্মদ আব্দুর রহমান | কেয়ারটেকার (পাইকপাড়া বড় কবরস্থান) |
| ৬ | মোঃ সাইদুর রহমান দেওয়ান | কেয়ারটেকার (পাইকপাড়া বড় কবরস্থান) |
| ৭ | শংকর চন্দ্র সরকার | কেয়ারটেকার (সিদ্ধিরগঞ্জ শশ্মান) |
| ৮ | মোঃ ইমতিয়াজ আহমেদ নেয়ামত | কেয়ারটেকার (পাঠানটুলী কবরস্থান) |
| ৯ | মোঃ মাসুম | কেয়ারটেকার (পাঠানটুলী কবরস্থান) |
| ১০ | আব্দুল মান্নান খান | কেয়ারটেকার (আদমজী কবরস্থান) |
| ১১ | মফিজুল ইসলাম | কেয়ারটেকার (মদনগঞ্জ কবরস্থান) |
| ১২ | শাহাদাৎ হোসেন | কেয়ারটেকার (মদনগঞ্জ কবরস্থান) |

CS CamScanner

| | | |
|---|---|---|
| ১৩ | মোঃ নিজামউদ্দিন | কেয়ারটেকার<br>(সোনাকান্দা কবরস্থান) |
| ১৪ | হাফেজ কবির হোসেন | কেয়ারটেকার<br>(বন্দর কবরস্থান) |
| ১৫ | কাশিনাথ | পুরোহিত<br>(বন্দর শ্বশ্মান) |
| ১৬ | মোঃ রবিউল আউয়াল | কেয়ারটেকার<br>(নবীগঞ্জ কবরস্থান) |
| ১৭ | হাফেজ ইয়াছিন | কেয়ারটেকার<br>(কাইতাখালী কবরস্থান) |
| ১৮ | আলতাব হোসেন | কেয়ারটেকার<br>(চৌরাপাড়া কবরস্থান) |
| ১৯ | আঃ কাদের | কেয়ারটেকার<br>(দক্ষিন লক্ষনখোলা কবরস্থান) |
| ২০ | হাফেজ মঞ্জুরুল ইসলাম | কেয়ারটেকার<br>(উত্তর লক্ষনখোলা কবরস্থান) |
| ২১ | হাফেজ মোঃ আব্দুর রব | কেয়ারটেকার<br>(হাফেজীবাগ কবরস্থান) |
| ২২ | মোহাম্মদ সুরুজ মিয়া | কেয়ারটেকার<br>(সোনাচড়া কবরস্থান) |
| ২৩ | আনোয়ার হোসেন | কেয়ারটেকার<br>(মাহমুদনগর কবরস্থান) |
| ২৪ | মোঃ মিজানুর রহমান | কেয়ারটেকার<br>(গোদনাইল বামষ্ট্যান্ড মন্ডলপাড়া কবরস্থান) |

CamScanner